# Sanatan Dharma

---

**পুরোহিত শব্দের অর্থ কি ?**

'পুরোহিত' শব্দটি 'পুরস' (পুরঃ) এবং 'হিত' শব্দের সমন্বয়ে গঠিত।পুরস্ শব্দের অর্থ সম্মুখে এবং হিত শব্দের অর্থ মঙ্গল। পুরের বা লোকালয়ের হিতের জন্য পূজা করা হয়। এতে যিনি প্রধান ভূমিকা পালন করেন তাঁরই নাম পুরোহিত। সাধারণ অর্থে পুরোহিত বলতে পূজা-অর্চনা কার্যাদি সম্পাদনকারীকে বোঝানো হয় এবং যিনি পূজার সময় সকলের অগ্রভাগে অবস্থান করেন । সাধারণভাবে যিনি পূজা-অর্চনার অনুষ্ঠান পরিচালনায় প্রধান ভূমিকা পালন করেন এবং পূজার সময় সকলের অগ্রভাগে থাকেন, তাঁকে পুরোহিত বলে। এটা একটা পেশাও বটে । যার নামে সংকল্প করে পূজা করা হয় তাকে যজমান বলে। যজমান নিজেও পূজা করতে পারেন । তবে সাধারণত যজমান পুরোহিতকে পূজা করে দেওয়ার জন্য পুরোহিতকে আমন্ত্রণ করে আনেন । সাধারণত ব্রাহ্মণ বর্ণের লোকেরাই পৌরহিত্য করে থাকেন । তবে পুরোহিত ও ব্রাহ্মণ এক কথা নয় । ব্রাহ্মণ বলতে যাঁদের ব্রহ্মবিদ্যা সম্পর্কে সম্যক জ্ঞান ও ধারণা আছে বা যিনি ব্রহ্মবিদ, এমন ব্যক্তিকে বোঝানো হয় । পৌরহিত্য করার সময় সংস্কৃত ভাষাজ্ঞান ও
শাস্ত্রজ্ঞান থাকা প্রয়োজন। যাঁরা অধ্যয়ণ, অধ্যাপনা, যজন- যাজন করতেন, তাঁরা ছিলেন ব্রাহ্মণ সম্প্রদায়ের। তাই পৌরহিত্য ব্রাহ্মণ বর্ণেরেই পেশা ছিল। একালে সংস্কৃত ভাষাজ্ঞান এবং শাস্ত্রজ্ঞান সকল বর্ণের মধ্যেই দেখা যায়। সুতরাং একালে সংস্কৃত ভাষা ও শাস্ত্রে অভিজ্ঞ এবং ধর্মনিষ্ঠ যেকোনো বর্ণের লোকেই পূজা করতে পারে।।

Published on: Jan, 14 2023 14:43